



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১১.২০.৪৯৭

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮

০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জামালপুর জেলার সদর উপজেলাধীন দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজ এর জুলহাস ওরফে মোঃ আহসানউল্লাহ (প্রভাষক, আই.সি.টি, ইনডেক্স নংঃ D৩০০২৮৭) কে সাময়িক বরখাস্ত করণ প্রসঙ্গে

সূত্র: স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১১.২০.৫২; তারিখ-১৮/০১/২০২১

জামালপুর সদর উপজেলাধীন দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজের জুলহাস ওরফে মোঃ আহসানউল্লাহ ( ইনডেক্স D- ৩০০২৮৭ প্রভাষক, আই.সি.টি) পিতাঃ মনির উদ্দিন, সাং ডোয়াইলপাড়া, থানা ও জেলাঃ জামালপুর এবং সে স্থানীয় দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজের আই.সি.টি বিষয়ের প্রভাষক। তার বিরুদ্ধে ফৌজদারী/হত্যা মামলা চলমান। মামলাটি স্বাক্ষীর পর্যায়ে রয়েছে। দায়রা মামলা নং: ৬৩৭/১৬,(জি আর নং: ৪১২(২)১০ ) ধারা- ৩৪১/৩২৩/৩৪২/৩২৬/৩০৭/৩৬৪/৩০২/১১৪/ দঃবি: ৩৪। এছাড়া তার বিরুদ্ধে আরও একটি ফৌজদারী মামলা জামালপুর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে চলমান যার নং ৫৪৭ (২) ২০১৫ তারিখঃ ১৬/০৮/২০১৫ (জামালপুর থানার মামলা নং-২১, তাং ০৫/০৫/১৫ ইং) ধারা- ১৪৩/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০৭ দঃবিঃ ১৮৬০ এর ৩২০ উক্ত মামলায়ও ০১ নম্বর আসামী হিসেবে তার বিরুদ্ধে আদালত কতৃক অভিযোগপত্র (নম্বরঃ ৩৩৭ তাং ২৯/০৬/২০১৫ ইং) গৃহীত হয়ে চার্জ গঠন (Charge Frame) হয়েছে। এই মামলাটিও স্বাক্ষীর পর্যায়ে বিচারাধীন রয়েছে।

তৎপ্রেক্ষিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ১৮/০১/২০২১ তারিখ উক্ত প্রভাষককে ২৮/০৮/২০১৬ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্তকরণের জন্য সভাপতি ও অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করলে কলেজ কর্তৃপক্ষ অদ্যবধি কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করেননি।

অধিকন্তু অভিযোগকারী এ.কে.এম হামায়ুন শরীফ, প্রভাষক, কম্পিউটার অপারেশন, বি.এম শাখা, কতৃক অত্র অধিদপ্তরের ইস্যুকৃত পত্র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১১.২০.৫২ তারিখঃ ১৮.০১.২০২১ ইং কার্যকরকরণের জন্য জুলহাস ওরফে মোঃ আহসানউল্লাহ ( ইনডেক্স D- ৩০০২৮৭ ) প্রভাষক, আই.সি.টি কে সাময়িক বরখাস্ত আদেশ বাস্তবায়নের জন্য পুনঃআবেদন করেন।

উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০২১ এর ১৯ নং অনুচ্ছেদে অনুযায়ী জনাব মোঃ আহসানউল্লাহ, প্রভাষক (আইসিটি) কে গ্রেফতার হওয়ার তারিখ ২৮/০৮/২০১৬খ্রি. থেকে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত করে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৮-৯-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) অধ্যক্ষ, দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজ, সদর, জামালপুর।
- ২) সভাপতি, গভর্নিং বডি, দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজ, সদর, জামালপুর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১১.২০.৪৯৭/১(৬)

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮  
০৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জামালপুর (বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য)।
- ৩) ব্যবস্থাপক, অগ্রণি ব্যাংক লিঃ, জামতলী শাখা, জামালপুর।
- ৪) জনাব জুলহাস ওরফে মোঃ আহসানউল্লাহ, (প্রভাষক, আই.সি.টি), দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজ, সদর, জামালপুর
- ৫) জনাব এ.কে.এম হুমায়ূন শরীফ, প্রভাষক, কম্পিউটার অপারেশন, বি.এম. শাখা, দিগপাইত শামছুল হক ডিগ্রি কলেজ, জামালপুর।
- ৬) সংরক্ষণ নথি



৮-৯-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক